SMC
Live better

# SMC News
A Quaterly Publication

# এসএমসি নিউজ
একটি ত্রৈমাসিক প্রকাশনা

Issue: 40
January - March 2022
সংখ্যা: ৪০
জানুয়ারি - মার্চ ২০২২

## এসএমসি এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

## Annual General Meetings of SMC and SMC Enterprise Limited







এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড বিগত ২৭ মার্চ, ২০২২ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে ৭ম বার্ষিক সাধারণ সভার আয়োজন করে। সভায় কোম্পানীর ২০২০-২১ অর্থবছরের পরিচালক মন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০২১-২২ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ দেয়া হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম। বোর্ডের পরিচালক মন্ডলী, শেয়ারহোল্ডার, কোম্পানীর সদস্যবৃন্দ, এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক এবং কোম্পানীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সরাসরি এবং ভার্চুয়ালি সভায় যোগ দেন।

বিগত ২৮ মার্চ, ২০২২ তারিখে সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)-এর ৩৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় কোম্পানীর ২০২০-২১ অর্থবছরের পরিচালক মন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০২১-২২ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ দেয়া হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসএমসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম। বোর্ডের পরিচালক মন্ডলী, কোম্পানীর সদস্যবৃন্দ, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান এবং কোম্পানীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সরাসরি এবং ভার্চুয়ালি সভায় অংশগ্রহণ করেন।

SMC Enterprise Limited (SMC EL) organized the 7th Annual General Meeting (AGM) on March 27, 2022 at SMC Head Office. The AGM received, adopted and ratified the Directors' Report and the Auditor's Report for the Financial Year 2020-2021 and appointed auditors for the Financial Year 2021-2022. Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC EL, presided over the meeting. Board Directors, Shareholders, Company Members and Managing Director of SMC EL along with senior officials of the company joined the meeting either physically or virtually.

The 33rd Annual General Meeting (AGM) of Social Marketing Company (SMC) was held on March 28, 2022 at SMC Head Office. The AGM received, adopted and ratified the Directors' Report and Auditor's Report for the Financial Year 2020-2021 and appointed auditors for the Financial Year 2021-2022. Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC, presided over the meeting. Board Directors, Company Members, Managing Director & CEO of SMC along with senior officials of the company joined the meetingeither physically or virtually.

## নতুন অ্যান্টিবায়োটিক নিয়ে এলো এসএমসি ফার্মা

এসএমসি'র ফার্মা বিভাগ ২৫০ গ্রাম এবং ৫০০ গ্রাম সম্বলিত একটি প্রতিশ্রুতিশীল অ্যান্টিবায়োটিক ট্যাবলেট 'সেকোক্সিম' বাজারে এনেছে, যার জেনেরিক গ্রুপ সেফিউরক্সিন অ্যাক্সিটিল (Cefuroxime Axetil)। এটি মূত্রনালীর সংক্রমণ (UTI), গলবিলের প্রদাহ (ফ্যারিঞ্জাইটিস), কানের প্রদাহ (Otitis media), সাইনাসের প্রদাহ (সাইনোসাইটিস) এবং শ্বাসনালীর প্রদাহের (ব্রঙ্কাইটিস) চিকিৎসার জন্য ব্যবহৃত হয়। এই ওষুধটি ত্বক, পেশী এবং সংযোগকারী নরম টিস্যু যেমন লিগামেন্ট এবং টেন্ডনের ব্যাকটেরিয়া সংক্রমণ (SSTI)-এর চিকিৎসা এবং গর্ভবতী মহিলাদের জন্যও প্রযোজ্য। 'দ্রুত শোষণ দ্রুত সমাধান' স্লোগান সহ ব্র্যান্ডটি তার উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে উপস্থাপন করা হয়।




## SMC Pharma Launched New Antibiotic

SMC Pharma Division has launched a promising antibiotic tabletwith 250 mg and 500 mg strength from the generic group Cefuroxime Axetil branded as Secoxim. It is indicated for the treatment of urinary tract infection (UTI), pharyngitis, otitis media, sinusitis and bronchitis. This drug is also applicable for the treatment of Skin and Soft Tissue Infection (SSTI) and can be prescribed to pregnant women. The brand is presented to its target group with theslogan 'Rapid Absorption Quick solution'.

# আন্তর্জাতিক সম্মেলনে অভিজ্ঞতা বিনিময়




**ওজিএসবি'র ৩০তম আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন**

বিগত ১০-১২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে অবস্টেট্রিক্যাল অ্যান্ড গাইনোকোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশের (OGSB) ৩০তম আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে বিভিন্ন দেশের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। এসএমসি'র ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব তসলিম উদ্দিন খান লং অ্যাক্টিং রিভার্সিবল কন্ট্রাসেপটিভস (LARC) এবং বাজারে 'ফুলকেয়ার' নামে চালু হওয়া নতুন মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস (MMS) এর গ্রহণযোগ্যতা বাড়াতে এসএমসি'র উদ্যোগ এবং কর্মসূচীর ওপর একটি উপস্থাপনা পেশ করেন। আলোচনা পর্বটি প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞগণ (OBGYNs) কর্তৃক অত্যন্ত প্রশংসিত হয়। বাংলাদেশে কম ওজনের শিশু জন্ম প্রতিহত করতে যথাসময়ে ফুলকেয়ার চালু করার জন্য তারা এসএমসি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ওজিএসবি'র সাবেক সভাপতি অধ্যাপক ডাঃ সামিনা চৌধুরী, সভাপতি (নবনির্বাচিত) প্রফেসর ডাঃ ফারহানা দেওয়ান এবং সাবেক সভাপতি অধ্যাপক সালেহা বেগম চৌধুরী।

**মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস (এমএমএস) বিষয়ে অভিজ্ঞতা বিনিময়**

হেলেন কেলার ইন্টারন্যাশনাল, হেলদি মাদার্স বেবিজ কনসোর্টিয়াম, ভিটামিন এঞ্জেলস, জনস হপকিন্স ইউনিভার্সিটি, সাইট এন্ড লাইফ, জেএইচপিয়েগো, এবং এসএমসি যৌথভাবে ফেব্রুয়ারি ২, ২০২২ তারিখে বিশ্বব্যাপী মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস (এমএমএস) বাস্তবায়নের অভিজ্ঞতা বিনিময় এবং গবেষণার স্থিতি নিয়ে আলোচনা করার জন্য একটি ভার্চুয়াল বৈঠকের আয়োজন করে। বিশ্বব্যাপী নিউট্রিশন বিশেষজ্ঞদের নিয়ে 'গর্ভাবস্থায় এমএমএস সম্পর্কে জানুন' বিষয়ক একটি পারস্পরিক ধারাবাহিক আলোচনা পর্ব অনুষ্ঠিত হয়। ফোরামে, এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তসলিম উদ্দিন খান 'বেসরকারি খাতে এমএমএসকে সংযোজন করার বিবেচনা' বিষয়ে একটি উপস্থাপনা পেশ করেন। জনাব খান বেসরকারী খাতে এমএমএস বাস্তবায়নের মূল চ্যালেঞ্জ এবং সাফল্যও তুলে ধরেন।

আন্তর্জাতিক পুষ্টি বিশেষজ্ঞগণ বাংলাদেশে এসএমসি কর্তৃক এমএমএস বাস্তবায়নের ধারাবাহিক অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন। জনাব খান আরও জানান যে আইসিডিডিআর,বি এমএমএস বাস্তবায়নের প্রভাব পর্যবেক্ষণের গবেষণা অংশীদার। তিনি কর্মসূচীর ওপর গুলরুত্বারোপ করে উল্লেখ করেন যে, আইসিডিডিআর,বি প্রয়োজনীয় কার্যপদ্ধতি সংশোধনের জন্য পর্যায়ক্রমিকভাবে প্রকল্পের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। পরিশেষে, সভায় উপস্থিত সকলে সহমত প্রকাশ করেন যে, গর্ভাবস্থায় এমএমএস এর মাধ্যমে আয়রন এবং ফলিক অ্যাসিড প্রতিস্থাপন করার জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি করতে বিশ্বব্যাপী বিশেষজ্ঞদের একযোগে কাজ করতে হবে।

# Knowledge Sharing with the Global Audiences




**30th International Scientific Conference of OGSB**

The 30th International Scientific Conference of Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB) was held during February 10-12, 2022 through a virtual platform. Many dignitaries from different countries attended the conference. Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director, SMC made a presentation on SMC's initiatives to increase the uptake of Long-Acting Reversible Contraceptives (LARC) and newly launched Multiple Micronutrient Supplements (MMS) for pregnant women branded as 'FullCare' in the market. The discussion was highly appreciated by the Obstetricians & Gynecologists (OBGYNs). They expressed their gratitude to SMC for introducing FullCare timely to reduce low birth weight in Bangladesh. Among others, the immediate past President of OGSB, Dr. Sameena Chowdhury, President-Elect, Professor Dr. Farhana Dewan and the immediate past Secretary General, Professor Saleha Begum Chowdhury were present in the discussion.

**Knowledge Sharing on Multiple Micronutrient Supplements Implementation**

Helen Keller International, Healthy Mothers Healthy Babies Consortium, Vitamin Angels, Johns Hopkins University, Sight and Life, Jhpiego and SMC jointly organized a virtual meeting on February 2, 2022 to share the implementation experiences on MMS and research updates across the globe. Featuring global nutrition experts, the event had a series of interactive sessions on 'Learn about MMS during pregnancy'. In the forum, the Deputy Managing Director of SMC, Mr. Toslim Uddin Khan made a presentation on 'Considerations for Scaling MMS in the Private Sector'. Mr. Khan highlighted the key challenges and successes of implementing MMS in the private sector.

The global nutrition experts highly appreciated to know the progress of MMS implementation by SMC in Bangladesh. Mr. Khan also informed that icddr,b is the research partner to see the impacts of the MMS implementation. He further emphasized that icddr,b is actively and closely monitoring the program activities and performances at periodic intervals for course correction if required. The audience concluded that the global experts need to work together for creating a favorable environment to replace iron and folic acid with the MMS during pregnancy.

## ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণ

এসএমসি নিজস্ব অর্থায়নে ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এই উদ্যোগের অংশ হিসেবে, এসএমসি ২০২১-২২ অর্থবছরে ব্লু-স্টার নেটওয়ার্কের অধীনে ১০০০ জনেরও বেশি নন-গ্যাজুয়েট মেডিকেল প্র্যাকটিশনারদের (NGMPs) অন্তর্ভুক্ত করে। ২০২২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত, ব্লু-স্টার সেবাপ্রদানকারী হিসেবে সকল নবনির্বাচিত এনজিএমপিগণ এসএমসি আয়োজিত মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর (DGFP)-এর সহযোগিতায় প্রশিক্ষণ অধিবেশনগুলি পরিচালিত হয়। ডিজিএফপি-এর ক্লিনিকাল কন্ট্রাসেপশন সার্ভিস ডেলিভারি প্রোগ্রাম (CCSDP) ইউনিটের বিভিন্ন লাইন ডিরেক্টর এবং প্রোগ্রাম ম্যানেজার বিভিন্ন জেলায় প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করেন। সংশ্লিষ্ট এলাকার পরিবার পরিকল্পনা উপ-পরিচালক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন এবং নিয়মিত তত্ত্বাবধান ও পর্যবেক্ষণের অংশ হিসেবে বিভিন্ন সেশনের সঠিক বাস্তবায়নে সহযোগিতা করেন। প্রশিক্ষণ মডিউলের মুখ্য বিষয় ছিল গর্ভনিরোধক ইনজেক্টেবলস, কাউন্সেলিং প্রদানে দক্ষতা, পরিবার পরিকল্পনার সমন্বয়, পুষ্টি, শারীরিক বৃদ্ধি পর্যবেক্ষণ এবং প্রচার (GMP) সহ পুষ্টি অবস্থা মূল্যায়ন করার জন্য মিড-আপার আর্ম সার্কামফারেন্স (MUAC), অগ্রাধিকারপ্রাপ্ত জনস্বাস্থ্য পরিষেবা এবং রিপোর্টিং প্রক্রিয়ার সাথে পরিষেবা রেকর্ডিং ইত্যাদি।




## Blue Star Network Expansion

SMC continues to expand the Blue Star Network utilizing own resources. As part of this initiative, SMC included more than 1,000 Non-graduate Medical Practitioners (NGMPs) under Blue Star Network in FY 2021-22. As of February 2022, all newly selected NGMPs as BS providers have received basic training organized by the SMC training team. The training sessions were conducted in collaboration with the Directorate General of Family Planning (DGFP). Different Line Directors and Program Managers of the Clinical Contraception Service Delivery Programme (CCSDP) unit of DGFP observed the training events in different districts. The Deputy Director of Family Planning from the respective areas attended the trainings and facilitated different sessions as part of their regular supervision and monitoring responsibilities. The major focuses of the training module were Family Planning Methods with special emphasis on Contraceptive Injectables, Counseling Skills, Family Planning Compliance, Nutrition, Growth Monitoring and Promotion (GMP) including Mid-Upper Arm Circumference (MUAC), priority public health services and record keeping and reporting process.

## আঞ্চলিক সভায় গ্রীন স্টার প্রোভাইডারদের স্বীকৃতি প্রদান

## Recognition to Green Star Providers in Regional Meeting




জানুয়ারি-মার্চ, ২০২২ সময়কালে গ্রীন স্টার প্রোভাইডারদের (GSP) নিয়ে তিন দিনব্যাপী 'অভিজ্ঞতা বিনিময় এবং কর্মদক্ষতা পর্যালোচনা সভা' বগুড়া, রংপুর এবং সিলেটে অনুষ্ঠিত হয়। সভার উদ্দেশ্য ছিল সর্বোত্তম অনুশীলনগুলোর অভিজ্ঞতা বর্ণনা, অসামান্য অবদানের জন্য দক্ষ সেবাপ্রদানকারীদের স্বীকৃতি প্রদান এবং চিন্তাধারা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে প্রোগ্রাম কর্মকাণ্ডের উন্নতির জন্য দিকনির্দেশনা নির্ধারণ করা। মোট ৬৩৯জন জিএসপি অধিবেশনগুলোতে অংশগ্রহণ করেন যেখানে ২১জন সেবাপ্রদানকারীকে (প্রতিটি সভা থেকে সাতজন) অসামান্য কর্মদক্ষতার জন্য পুরস্কৃত করা হয়। অন্যান্যের মধ্যে, এসএমসি ইএল-এর নর্থ সাউথ রিজিয়নের প্রধান, সিনিয়র সেলস ম্যানেজার, সিনিয়র ম্যানেজার-ফিল্ড অপারেশনস এবং এসএমসি ইএল-এর সংশ্লিষ্ট সেলস ম্যানেজারগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Three day-long events on "Experience Sharing and Performance Review Meeting" with Green Star Providers (GSPs) were held in Bogura, Rangpur and Sylhet during January-March, 2022. The objectives of the meeting were to share the best practices, recognize outstanding performers and determine a way forward for the improvement of the program performance through sharing ideas and experiences. A total of 639 GSPs attended those meetings where 21 providers, seven from each event, were awarded as outstanding performers. Among others, the Head of Region-North South, Senior Sales Manager-SMC EL, Senior Manager-Field Operations and respective Sales Managers of SMC EL attended the events.

## মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস 'ফুলকেয়ার'-এর ভবিষ্যত কর্মসূচি সম্পর্কে অনুসন্ধানমূলক কর্মশালা



এসএমসি কক্সবাজারের ওশান প্যারাডাইস হোটেলে বিগত ৮-১০ জানুয়ারি, ২০২২ তারিখে দুই দিনব্যাপী 'ফুলকেয়ার' এর ওপর ভবিষ্যত কর্মপরিকল্পনা' নিয়ে একটি অনুসন্ধানমূলক কর্মশালার আয়োজন করে। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিলো সেবাগ্রহীতা এবং সেবাপ্রদানকারীদের মধ্যে 'ফুলকেয়ার'-এর প্রচার ও প্রসারের উপায় অনুসন্ধানের পাশাপাশি অভিজ্ঞতা বিনিময় এবং সর্বোত্তম অনুশীলনের মাধ্যমে মাঠ কর্মীদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধি করা।

সভায় একটি গুরুত্বপূর্ণ অধিবেশন ছিল স্নাতক ডাক্তারদের কর্মদক্ষতা উন্নয়নে বিক্রয় কৌশল এবং ফার্মাসিউটিক্যাল পণ্য সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া। এছাড়াও, অধিবেশনের অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি ছিল কর এবং ভ্যাট সম্পর্কিত সরকারী নিয়ম ও প্রবিধান, প্রকল্প প্রশাসনের নির্দেশিকা, এইচআর কমপ্লায়েন্স ও পদ্ধতি এবং কাজের সমন্বয় নিশ্চিত করার জন্য নিরীক্ষার গুরুত্ব। কর্মশালায় 'ফুল কেয়ার ডিজিটাল ইন্টারফেস' সম্পর্কে সকল কর্মীদের অবগত করা হয়।

এডিশনাল জেনারেল ম্যানেজার, প্রোগ্রাম অপারেশনস জনাব মোঃ মশিউর রহমান, এসএমসি'র প্রকল্প কর্মীদের সাথে একটি পারস্পারিক আলোচনা অনুষ্ঠান পরিচালনা করেন এবং প্রায় ১৫ জন অংশগ্রহণকারীকে তাদের চিন্তাশীল জিজ্ঞাসাবাদের জন্য পুরস্কৃত করেন। এসএমসি'র ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব তসলিম উদ্দিন খান কর্মীদের সাথে একটি উন্মুক্ত আলোচনার মাধ্যমে সকল প্রতিকূল পরিস্থিতি চিহ্নিতকরণ এবং ফুলকেয়ার প্রচারের সম্ভাব্য সমাধান খুঁজে বের করার বিষয়ে আলোকপাত করেন। তিনি এসএমসি এবং এমএমএস প্রকল্পের কর্মীদের মধ্যে সমন্বয় জোরদার করার জন্য একটি সর্বজনীন উপায় চিহ্নিত করার ওপর গুরুত্ব দেন।

## Future Search Workshop on Multiple Micronutrient Supplements 'FullCare'



SMC organized a two-day long 'Future Search Workshop on FullCare' during January 8-10, 2022 at Ocean Paradise Hotel, Cox's Bazar. The aim of the event was to enhance the knowledge and skills of the field forces through exchanging experiences and best practices along with searching way forward to promote FullCare among the target audience and the service providers.

One of the important sessions was to train the staff on selling techniques and detailing pharmaceutical products to promote graduate doctors. Besides, other key issues of sessions were Government rules and regulations on Tax and VAT, project administration guidelines, HR compliance and procedures and the importance of audit for ensuring compliance. All staff were oriented on 'FullCare Digital Interface' in the workshop.

Mr. Md. Moshiur Rahman, Additional General Manager, Program Operations, SMC conducted an interactive session with the project staff and awarded around 15 participants for their intelligent responses to the queries. Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director, SMC also conducted an open discussion with the audiences to identify challenges and find possible solutions to promote FullCare. He also emphasized on identifying a common ground for strengthening coordination between SMC and MMS project staffs.

## ফকিরহাটে দোকান মালিকদের সাথে বৈঠক

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর খুলনা এরিয়া অফিস বিগত ১৫ জানুয়ারি, ২০২২ তারিখে বাগেরহাট জেলার ফকিরহাটে জেলা পরিষদ ডাক-বাংলোতে দোকান মালিকদের সাথে একটি বৈঠকের আয়োজন করে। পণ্য বিক্রেতাদের সুবিধার্থে, সভায় এসএমসি এবং এসএমসি ইএল-এর কার্যক্রম সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণী সহ ওভার-দ্য-কাউন্টার (OTC) পণ্যসমূহের ওপর আলোকপাত করা হয়। সভায় মোট ২৯ জন দোকান মালিকসহ এসএমসি ইএল-এর সিনিয়র সেলস ম্যানেজার, সিনিয়র এরিয়া এক্সিকিউটিভ, টেরিটরি সেলস অফিসার, সেলস রিপ্রেজেন্টেটিভ এবং সংশ্লিষ্ট ডিস্ট্রিবিউটরগণ উপস্থিত ছিলেন।



## Meeting with Shop Owners at Fakirhat

Khulna Area Office of SMC Enterprise Ltd (SMC EL) organized a 'Shop Owners Meeting' at Zila Parishad Dak-Bungalow, Fakirhat, Bagerhat on January 15, 2022. The event aimed to sensitize the shop owners to sell SMC products. The session focused on the OTC products with a brief overview of SMC EL. A total of 29 shop owners attended the event. Among others, the Senior Sales Manager, Senior Area Executive, Territory Sales Officer, Sales Representative and concerned distributor of SMC EL were also present in the meeting.

# শারীরিক বৃদ্ধি পর্যবেক্ষণ এবং প্রচারমূলক পরিষেবা প্রদানে রোজ স্টার প্রোভাইডারগণ

# Engaging Rose Star Providers to Offer Growth Monitoring and Promotion Services






রোজ স্টার প্রোগ্রাম এর মাধ্যমে বেসরকারি খাতে গ্রোথ, মনিটরিং অ্যান্ড প্রমোশন (GMP) পরিষেবা প্রদানের মাধ্যমে পাঁচ বছরের কম বয়সী শিশুদের পুষ্টির অবস্থার উন্নয়নে একটি প্রতিশ্রুতিশীল উদ্যোগ। এসএমসি, শিশুরোগ বিশেষজ্ঞ এবং সহকারী চিকিৎসকগণ বিশেষ করে যারা রোজ স্টার নেটওয়ার্কের সাথে সম্পৃক্ত তাদের জিএমপি এবং প্রোগ্রাম কার্যক্রমের ওপর ধারণা প্রদানের জন্য বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করছে। প্রশিক্ষণ সেশনগুলো ইনস্টিটিউট অব পাবলিক হেলথ নিউট্রিশন (IPHN)-এর জাতীয় নির্দেশিকা অনুসারে সাজানো হয়। জানুয়ারী-মার্চ, ২০২২ সময়কালে সিলেট, রাজশাহী এবং বগুড়ায় এসএমসি কর্তৃক তিনটি অধিবেশনের আয়োজন করা হয়। মোট ৪৭ জন শিশু বিশেষজ্ঞ এই অনুষ্ঠানে যোগ দেন। বাংলাদেশ পেডিয়াট্রিক এসোসিয়েশান, সিলেট শাখার সভাপতি ডাঃ মজিবুল হক সিলেটের অধিবেশনে উপস্থিত ছিলেন। রাজশাহীতে প্রফেসর ডাঃ সানাউল হক ও প্রফেসর ডাঃ মোঃ বেলাল উদ্দিন অনুষ্ঠানে যোগ দেন। বগুড়ার অধিবেশনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের বর্তমান ও সাবেক বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ গোলাম মোস্তফা এবং প্রফেসর ডাঃ রফিকুল ইসলাম। সাইনবোর্ড এবং বিভিন্ন প্রচার উপকরণ সরবরাহ করে এসএমসি শিশুরোগ বিশেষজ্ঞদের ব্যক্তিগত চেম্বারগুলোকে জিএমপি পরিষেবা সরবরাহ কেন্দ্র হিসেবে প্রচার করবে।

The Rose Star Program is one of the promising initiatives to improve the nutritional status of children under five years through offering Growth, Monitoring and Promotion (GMP) services in the private sector. SMC started providing orientation on GMP and Program activities to the pediatricians and their assistants mostly who are associated with the Rose Star Network. The training sessions are furnished to align with the national guideline of the Institute of Public Health Nutrition (IPHN). This year, SMC organized three orientation sessions in Sylhet, Rajshahi and Bogura during January-March, 2022. A total of 47 pediatricians joined these events. President of Bangladesh Paediatric Association, Sylhet Branch, Dr. Mojibul Haque was present at the Sylhet event. In Rajshahi, Professor Dr. Sanaul Haque and Professor Dr. Md. Belal Uddin joined the event. Professor Dr. Golam Mostafa and Professor Dr. Rafiqul Islam, current and former Head of Department, Shahid Ziaur Rahman Medical College Hospital were present among others at the Bogura event. SMC will promote the pediatricians' private chambers as GMP service delivery centers by providing signboards and different branding materials.

# সামাজিক প্রতিবন্ধকতা দূর করতে জয়া'র নতুন ক্যাম্পেইন

আন্তর্জাতিক নারী দিবস (৮ মার্চ, ২০২২) উপলক্ষ্যে, এসএমসি'র জয়া স্যানিটারি ন্যাপকিন পিরিয়ড সম্পর্কিত সামাজিক প্রতিবন্ধকতা প্রতিহত করতে একটি বিশেষ অনলাইন ভিডিও কর্মাশিয়াল (OVC) ক্যাম্পেইন চালু করেছে। এই ক্যাম্পেইনের বার্তাটি হল কেউ যেন পিরিয়ড নিয়ে কথা বলতে লজ্জিত না হয়। এটি মেয়েদের জীবনে একটি নিয়মিত ঘটনা, কোনো নিষিদ্ধ বিষয় নয়। একটি কিশোরী মেয়ের পিরিয়ড এবং স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার সমস্যা সম্পর্কে জানার প্রাথমিক জায়গা হল পরিবার। এক্ষেত্রে পরিবারের সকল সদস্যদের একটি অনুকূল শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে হবে। পিরিয়ড সম্পর্কিত সঠিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার বিষয়ে জ্ঞান ও সচেতনতার অভাবের কারণে, অনেক মহিলাই গুরুতর স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হন। আমাদের দেশে, অনেক মহিলা এই সমস্যাগুলি নিয়ে পরিবার এমনকি ডাক্তারদের সাথেও কথা বলতে স্বাচ্ছন্দ বোধ করেন না। জয়া মহিলাদের সাহসী হতে এবং জীবনে এগিয়ে যেতে অনুপ্রাণিত করে। এখন পর্যন্ত প্রায় ১০ লক্ষ্য বার এই বিজ্ঞাপনটি প্রদর্শিত হয়েছে।




# Joya's New Campaign to Break the Taboo

SMC launched an Online Video Commercial (OVC) campaign to break the social taboo related to menstruation on International Women's Day (March 8, 2022). The key message of this campaign was 'encourage everyone not to be shy about the period - it's a regular phenomenon in a girl's life, not a taboo topic.' Family is the primary contact point for a teenage girl to learn about period and menstrual management issues. Family members should ensure a comfortable learning environment in educating the girls on menstrual management. Many adolescent girls and young women face severe health problems due to the lack of knowledge and awareness about proper menstrual hygiene management. In Bangladesh, women are reluctant to talk about these issues with family and doctors. Joya's campaign inspires women to be bold and moves forward. The viewership of this OVC was about 10 million during the reporting period.

## আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উদযাপনে এসএমসি

## SMC Celebrated International Women's Day 2022



বিগত ৮ মার্চ, ২০২২ তারিখে বিশ্বব্যাপী আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হয়। এই বছরের প্রতিপাদ্য ছিল 'BreakTheBias'- পক্ষপাতের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি, মহিলাদের সাফল্য ও কৃতিত্বের স্বীকৃতি এবং সমতার জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার মাধ্যমে সকল প্রতিকূলতা প্রতিহত করা।

এ উপলক্ষে, এসএমসি'র প্রধান কার্যালয়ে একটি মনোরম অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাগণ বিশেষ করে এসএমসি এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের মহিলা কর্মকর্তাবৃন্দ এই বর্ণাঢ্য অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক, এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তসলিম উদ্দিন খান এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠনে সমাজে, পরিবারের ও কর্মক্ষেত্রে নারীর অসামান্য অবদান ও অর্জন গুরুত্বের সঙ্গে আলোচনা করা হয় এবং তাদের কিছু সাফল্য ও কৃতিত্তের স্বীকৃতি দেওয়া হয়। এছাড়াও, পক্ষপাতের বিরুদ্ধে সচেতনতা বাড়াতে তাদের সক্রিয় অবদানও প্রশংসিত হয়েছিল। এসএমসি এবং এসএমসি ইএল-এর মহিলা কর্মকর্তাদের মধ্যে কয়েকজন এই অনুষ্ঠানে বব্যের মাধ্যমে তাদের অভিমত প্রকাশ করেন।

A call-to-action to challenge the status quo by raising awareness against bias, celebrating women's achievement, and taking action for equality, with the theme 'BreakTheBias', the International Women's Day-2022 is observed throughout the world on March 8, 2022.

Like previous years, SMC celebrated the occasion at its Head Office. All employees, especially the women employees from both SMC and SMC EL participated in the colorful event. The enormous contribution and achievement of women in society, at home, at work were discussed with great importance and also their contributory role to raise awareness against bias.

An open platform was offered to all women employees to share their views, and stories on becoming significant contributors in every role. Women's achievement in different fields was also highlighted and respectfully acknowledged in this open forum of the program. The Honorable Managing Director, SMC EL and the Deputy Managing Director, SMC, with other senior Management of SMC and SMC EL, graced the impactful program with their presence.

## এনজিও কর্মীদের সাথে বৈঠক

চাহিদা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে, এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর রংপুর এরিয়া অফিস বিগত ২৩ জানুয়ারী, ২০২২ তারিখে চিলমারী উপজেলার বেসরকারী সংস্থা সঙ্গ (SONGO)-এর সাথে একটি দক্ষতা উন্নয়ন অধিবেশনের আয়োজন করে। কুড়িগ্রাম সদরের আরডিআরএস (RDRS) প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত 'এনজিও মিট' অধিবেশনে ১৮জন নিউট্রিশন সেলস এজেন্ট (NSA) এতে অংশগ্রহণ করেন।




## Meeting with NGO Workers

Rangpur Area Office of SMC Enterprise Ltd. organized a skill development session with 'SONGO' (a non-government organization of Chilmari) on January 23, 2022. The 'NGO Meet' session was held at RDRS training center, Kurigram Sadar, Kurigram where 18 Nutrition Sales Agents (NSAs) were present. The event aimed to improve the knowledge and skills of the NSAs on different health issues including nutrition. They also learned how to create demand in the community during the event.

## বিশেষ অবদানের জন্য শ্রেষ্ঠত্বের পুরস্কার

## Award of Excellence for Outstanding Performance



কাজের স্বীকৃতির অংশ হিসেবে, এসএমসি এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর মানবসম্পদ বিভাগ ২০১৯-২০ অর্থবছরে অসামান্য অবদানের জন্য দক্ষ কর্মীদের পুরস্কৃত করেছে। সকল স্থায়ী এবং চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারি এই স্বীকৃতির জন্য মনোনীত হওয়ার যোগ্য। মনোনয়নের ক্ষেত্রগুলি ছিল সামগ্রিকভাবে অসামান্য সাফল্য অর্জন, উদ্ভাবন, খরচ হ্রাস এবং প্রতিশ্রুতি রক্ষা। এসএমসি'র পাঁচজন এবং এসএমসি ইএল-এর নয়জন নির্বাচিত কর্মীদের বিগত মার্চ ১, ২০২২ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে আয়োজিত একটি অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কৃত করা হয়। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক কৃতিত্বপূর্ণ কর্মীদের হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন।

As a part of staff recognition, the HR department of both SMC and SMC Enterprise Ltd. took the initiative to acknowledge the outstanding performers in FY 2019-20. All permanent and contractual employees were eligible for this recognition. The areas of nomination were overall outstanding achievement, innovation, cost-saving and/or commitment. Five employees from SMC and nine from SMC EL were awarded through a ceremony held at SMC Head Office on March 1, 2022. Mr. Md. Ali Reza Khan, Managing Director & CEO of SMC and Mr. Abdul Haque, Managing Director of SMC EL were present on the occasion to hand over crests and certificates among the outstanding performers.

## পিঙ্ক স্টার প্রোভাইডারদের অভিজ্ঞতা বিনিময় সভা

এসএমসি, লং অ্যাক্টিং রিভার্সিবল কন্ট্রাসেপটিভস (এলএআরসি) পরিষেবার প্রচার এবং প্রসারে নিজস্ব ফ্যাসিলিটির মাধ্যমে গাইনী ডাক্তারদের সম্পৃক্ত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এসএমসি পিঙ্ক স্টার প্রোভাইডারদের সাথে সিলেট, রাজশাহী এবং বগুড়ায় তিনটি অভিজ্ঞতা বিনিময় এবং কর্মদক্ষতা পর্যালোচনা সভার আয়োজন করে। এই সভার মূল আলোচ্য বিষয় ছিল এলএআরসি প্রয়োগের দক্ষতা মূল্যায়ণ, সর্বোত্তম অনুশীলনের অভিজ্ঞতা বিনিময় এবং ভবিষ্যতে কর্মসূচির অগ্রগতি ও সেবার মানোন্নয়ন সম্পর্কে আলোকপাত করা। উক্ত অনুষ্ঠানে দক্ষ এবং সেরা কর্মীদেরকেও পুরস্কৃত করা হয়।



সিলেটের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিলেট বিভাগের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক মোঃ কুতুব উদ্দিন, ওজিএসবি সিলেট শাখার সভাপতি অধ্যাপক ডাঃ দিলীপ কুমার ভৌমিক। রাজশাহীতে অনুষ্ঠিত সভায় রাজশাহী বিভাগের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক মোঃ মাহবুব আলম, সিভিল সার্জন ডাঃ আবু সাঈদ মোহাম্মদ ফারুক, ওজিএসবি রাজশাহী শাখার সভাপতি অধ্যাপক ডাঃ রোকেয়া খাতুন এবং সাধারণ সম্পাদক ডাঃ সাহেলা জেসমিন যোগ দেন। এছাড়াও, ওজিএসবি বগুড়া শাখার সভাপতি অধ্যাপক ডাঃ গুলশান আরা এবং সাধারণ সম্পাদক প্রফেসর ডাঃ আখতারী হোসেন চৌধুরী বগুড়াতে অনুষ্ঠিত সভায় যোগ দেন। এসএমসি'র ট্রেনিং এন্ড সার্ভিস ডেলিভারি বিভাগের প্রধান ডাঃ সালাহ উদ্দিন আহমেদ উক্ত অনুষ্ঠানসমূহে উপস্থিত ছিলেন।

## Experience Sharing Meeting of PSP

SMC continues its efforts to engage Obstetricians and Gynecologists (OBGYNs) to offer Long-Acting Reversible Contraceptives (LARC) through their private facilities. SMC organized three experience sharing and performance review meetings in Sylhet, Rajshahi and Bogura regions with the Pink Star Providers. The major issues of these events were to evaluate the performance of the LARC administration, share the best practices and discuss the way forward. The best performers were also acknowledged at the events.

Among others, Md. Kutub Uddin, Joint Secretary and Director, Family Planning, Sylhet Division and Professor Dr. Dilip Kumar Bhowmik, President, OGSB Sylhet Branch were present at the event of Sylhet. Md. Mahbub Alam, Director, Family Planning, Rajshahi Division, Dr. Abu Sayeed Mohammad Faruk, Civil Surgeon, Rajshahi, Professor Dr. Rokeya Khatun, President and Professor Dr. Sahela Jesmin, Secretary-General of OGSB, Rajshahi Branch joined the Rajshahi event. On the other hand, Dr. Gulshan Ara, President and Professor Dr. Akhtari Hossain Chowdhury, Secretary General, OGSB, Bogura Branch attended the Bogura event. On behalf of SMC, Dr. Salah Uddin Ahmed, Head of Training and Service Delivery graced the events.

## ২১শে ফেব্রুয়ারি উপলক্ষ্যে টেস্টমি'র ক্যাম্পেইন

এসএমসি ইএল 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে, টেস্টমি-এর প্রচারের জন্য 'একুশের অজানা গল্প' নামে একটি ক্যাম্পেইন চালু করে। ১৯৫২ সালের বাংলার ভাষা আন্দোলনের প্রেক্ষাপটের উপর ভিত্তি করে ভিডিওটি নির্মাণ করা হয়। প্রচারের উদ্দেশ্য ছিল আমাদের ভাষা আন্দোলনের ইতিহাস সম্পর্কে নতুন প্রজন্মকে সচেতন করা। গল্পটি ৪টি পর্বে বিভক্ত ছিল এবং ফেব্রুয়ারি মাসে টেস্টমি ফেইসবুক পেইজের মাধ্যমে প্রচার করা হয়। উদ্দিষ্ঠ জনগোষ্ঠীর মাঝে ক্যাম্পেইনটি বিশেষ সাড়া ফেলে।




## TasteMe Campaign on 21st February

On the occasion of 'International Mother Language Day, SMC EL launched a campaign named 'unknown story of 21st' to promote TasteMe. The video content was created based on the Bengali language movements of 1952. The objective of the campaign was to aware the new generation of the history of our language movement. The story was divided into four episodes and was disseminated in February through TasteMe Facebook Page. The engagement of the target audience seemed impressive.




## বিদ্যানন্দ এবং মাস্তুল ফাউন্ডেশনের সাথে বিনামূল্যে ইফতার বিতরণ কার্যক্রমে এসএমসি ইএল

## SMC EL joined with Bidyanondo and Mastul Foundation to provide Free Iftar




পবিত্র রমজান মাসে বিদ্যানন্দ ও মাস্তুল ফাউন্ডেশন এর 'বিনামূল্যে ইফতার বিতরন' কার্যক্রমে সহায়তা করলো এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড। সমোঝোতা চুক্তি অনুযায়ী, এসএমসি ইএল উল্লেখিত দুটি ফাউন্ডেশনকে তাদের এই কার্যক্রমের জন্য টেস্টমি-ইনস্ট্যান্ট সফ্ট ড্রিংক পাউডার সরবরাহ করেছে। এই কার্যক্রমের মাধ্যমে রমজান মাসব্যাপী শহরের বিভিন্ন এলাকায় আনুমানিক ১৫০,০০০ জন সুবিধা বঞ্চিত মানুষের মাঝে বিনামূল্যে ইফতার বিতরণ করা হয়।

ইনস্ট্যান্ট সফট ড্রিংক পাউডার 'টেস্টমি'-তে রয়েছে ভিটামিন এ, সি এবং ক্যালসিয়াম যা রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সহায়ক। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড, বিদ্যানন্দ ফাউন্ডেশন ও মাস্তুল ফাউন্ডেশন-এর উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

SMC EL stepped forward to support the 'Free Iftar Distribution' program of Bidyanondo Foundation and MASTUL Foundation during the holy month of Ramadan. According to the signed Memorandum of Understanding (MOU), SMC EL provided 'TasteMe' (instant soft drink powder) to these two foundations for their free iftar project. This project served free iftar to around 150,000 disadvantaged people in the different parts of the city during Ramadan.

The instant soft drink powder 'TasteMe' is enriched with Vitamin A, Vitamin C and Calcium to boost immunity. Senior officials from SMC EL, Bidyanondo Foundation and MASTUL Foundation were present during the MOU signing.

**Chief Editor:** Md. Ali Reza Khan; **Published by:** Corporate Affairs Department; **Acknowledgement:** All departments for providing information; **Address:** SMC Tower, 33 Banani C/A, Road - 17, Dhaka - 1213, Bangladesh.
**Telephone:** +88 02 22225073-80, +88 02 222275085-92, **Website:** www.smc-bd.org